

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
রিজিওনাল প্ল্যানিং
www.udd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০৪১.১৭.৬৫

তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪২৮

১০ জুন ২০২১

বিষয়: পঞ্চবটি হতে মুক্তারপুর সেতু পর্যন্ত সড়ক প্রশস্তকরণ ও দোতলা রাস্তা নির্মাণ প্রকল্প বাস্তবায়নের নিমিত্তে নারায়ণগঞ্জ ও মুন্সীগঞ্জ জেলার বিভিন্ন মোড়জায় ৩৬.২৬৭৫ একর (১৪.৬৮ হেক্টর) ভূমি ব্যবহারের অনাপত্তিপত্র/ ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।

সূত্র: তাঁর দপ্তরের স্মারক নং-৫০.০১.০০০০.৪০৩.০৯.০০৫.২০-২৬, তারিখঃ ১৮/০২/২০২১

যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ কর্তৃক পঞ্চবটি হতে মুক্তারপুর সেতু পর্যন্ত সড়ক প্রশস্তকরণ ও দোতলা রাস্তা নির্মাণ প্রকল্প বাস্তবায়নের নিমিত্তে নারায়ণগঞ্জ ও মুন্সীগঞ্জ জেলার বিভিন্ন মোড়জায় ৩৬.২৬৭৫ একর (১৪.৬৮ হেক্টর) ভূমি ব্যবহারের অনাপত্তিপত্র/ ছাড়পত্র চেয়ে আবেদন করেছে। আবেদনকৃত জমির মৌজাভিত্তিক তফসিল নিম্নরূপঃ

নারায়ণগঞ্জ সদরঃ নারায়ণগঞ্জ জেলা			
ক্রমিক নং	মৌজার নাম	আর এস জে এল নম্বর	জমির পরিমাণ
১	ফতুল্লা	১৫	২.৫৫০০
২	হরিহর পাড়া	৩১	২.৭১২৫
৩	এলায়েত নগর	৩২	১.৩১০০
৪	বড় দেওভোগ	৩৭	০.৪১০০
৫	কাশীপুর	২৯	১১.২৪২৫
৬	মশিনাবন্দ	১৩	৪.০৫৫৬
৭	সৈয়দপুর	১৬	১২.৮৫৭৫
উপমোট			৩৫.১৩৭৫
মুন্সীগঞ্জ সদরঃ মুন্সীগঞ্জ জেলা			
ক্রমিক নং	মৌজার নাম	আর এস জে এল নম্বর	জমির পরিমাণ
১	পশ্চিম মুক্তারপুর	৩৭	১.১৩০০
উপমোট			১.১৩০০
সর্বমোট			৩৬.২৬৭৫

উক্ত আবেদনটি প্রক্রিয়াকরণের জন্য এলাকাটি সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। উক্ত পরিদর্শন প্রতিবেদন থেকে দেখা যায় যে, প্রস্তাবিত জমিতে একাধিক ধর্মীয় প্রতিষ্ঠান, একটি সরকারী প্রাথমিক বিদ্যালয়, একটি কবরস্থান, নিচু জমি, ব্যবসায়ী প্রতিষ্ঠান, বহুতল বানিজ্যিক ভবন এবং বহুতল আবাসিক ভবন বিদ্যমান। এছাড়াও মুক্তারপুর মৌজার প্রস্তাবিত রাস্তার পার্শ্ববর্তী এলাকায় হাই ভোল্টেজ বিদ্যুতের সংযোগ লাইন আছে। সেতু কর্তৃপক্ষ কর্তৃক রাস্তা এবং ফ্লাইওভারের

অনাপত্তির জন্য চাহিত অধিকাংশ এলাকা রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের ডিটেইন্ড এরিয়া প্ল্যান অনুযায়ী প্রস্তাবিত রাস্তা হিসেবে চিহ্নিত আছে। এছাড়া উক্ত প্রস্তাবিত এলাকার অল্প কিছু অংশ ডিটেইন্ড এরিয়া প্ল্যান এর প্রস্তাবনায় আরবান রেসিডেন্সিয়াল জোন এবং ফ্লাড ফ্লো জোন হিসেবে চিহ্নিত। ডিটেইন্ড এরিয়া প্ল্যান এর প্রতিবেদন থেকে দেখা যায়, আরবান রেসিডেন্সিয়াল জোন এর Permitted Use হিসেবে "রাস্তা" উল্লেখ করা আছে। এমতাবস্থায় জনস্বার্থে উক্ত এলাকাটি ব্যবহৃত হবে বিধায় নিম্নলিখিত শর্তসাপেক্ষে উক্ত এলাকা অধিগ্রহণের জন্য নির্দেশক্রমে অনাপত্তিপত্র দেওয়া হলো।

- ১। Flood Flow Zone এলাকার বন্যা পানির প্রবাহকে বাঁধাগ্রস্ত করা যাবে না।।
- ২। রাস্তার Right of way সুনির্দিষ্টভাবে চিহ্নিত করতে হবে যাতে Encroachment না হয়।
- ৩। এই ছাড়পত্র জমির মালিকানা নির্দেশ করে না।
- ৪। ধর্মীয় স্থাপনা এবং কবরস্থান সম্পর্কিত বিদ্যমান সরকারী আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৫। নির্মানকালে হাই ভোল্টেজ বিদ্যুতের সংযোগ লাইন সম্পর্কিত বিধি-বিধান মেনে কার্যক্রম গ্রহণ করতে হবে।
- ৬। Town Improvement Act 1953 অনুযায়ী গেজেট সংশোধন করতে হবে

সংযুক্তিঃ

- ১। সার্ভে প্রতিবেদন
- ২। মৌজা ম্যাপের উপর দাগাংকিত এলাকা এবং তফসিল সহ মৌজা ম্যাপ।
- ৩। ডিটেইন্ড এরিয়া প্ল্যানের ম্যাপ।
- ৪। ডিটেইন্ড এরিয়া প্ল্যান অনুযায়ী আরবান রেসিডেন্সিয়াল জোন এর Permitted Use।
- ৫। গুগল ম্যাপ
- ৬। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের ছাড়পত্র।

১০-৬-২০২১

কাজী মোঃ ফজলুল হক
সিনিয়র প্ল্যানার

শফিকুল ইসলাম, প্রকল্প পরিচালক; সেতু ভবন, বনানী,
ঢাকা-১২১২

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০৪১.১৭.৬৫/১(৮)

তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪২৮
১০ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) সিনিয়র প্ল্যানার, খুলনা আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, খুলনা
- ৩) সিনিয়র প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর (ছাড়পত্রটি দপ্তরের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)
- ৪) সিনিয়র প্ল্যানার, রিজিওনাল প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৫) সহকারী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী(সার্ভে), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৬) প্ল্যানার, রিজিওনাল প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৭) প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর

৳) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর

Israt Jahan

১০-৬-২০২১

ইসরাত জাহান

প্ল্যানার